# চ্যান্সেলরের প্রবিধান

| | | | | |
|---|---|---|---|---|
| শ্রেণি: | **শিক্ষার্থী** | ইস্যুর তারিখ: ৬/২/১৪ | নম্বর: | **A-501** |
| বিষয়: | **প্রমোশন লাভের মানদণ্ড** | | পৃষ্ঠা: | 1 of 2 |

## পরিবর্তনের সারাংশ

এই প্রবিধান কিন্ডারগার্টেন থেকে ১২শ গ্রেড পর্যন্ত সকল গ্রেডে পুরো ব্যবস্থা জুড়ে শিক্ষার্থীদের জন্য প্রমোশনের স্পষ্ট সংজ্ঞায়িত মানদণ্ডের নিয়ম প্রতিষ্ঠা করে। এটি ১৮ জুই, ২০১২ তারিখ ইস্যু করা চ্যান্সেলরের প্রবিধান A-501-কে রহিত করে।

পরিবর্তনসমূহ:

- ইংরেজি ভাষা শৈলী ও গণিতে উত্তীর্ণ হওয়ার শর্তসমূহকে কমন কোর লার্নিং স্ট্যান্ডার্ড এবং নিউ ইয়র্ক স্টেট-এর উত্তীর্ণ হওয়ার মানদণ্ডের নীতির সাথে সামঞ্জস্যবিধান করে। (পৃষ্ঠা 3, § VI.A. & C.; পৃষ্ঠা 5, § VII.C.)
- বহুসংখ্যক পরিমাপক, যার মধ্যে আছে শিক্ষার্থীর কাজের সার্বিক মূল্যায়ন এবং কমন কোর লার্নিং স্ট্যান্ডার্ড অর্জনে শিক্ষার্থীর পর্যাপ্ত অগ্রগতি অর্জনের তথ্য ব্যবহারকে সমন্বিত করে ৩-৮ গ্রেডের শিক্ষার্থীদের উত্তীর্ণ হওয়ার মানদণ্ড পরিবর্তন করে। তা সত্ত্বেও, স্টেটের পরীক্ষার স্কোর উত্তীর্ণ হওয়ার সিদ্ধান্ত গ্রহণের প্রাথমিক বা প্রধান ভিত্তি হতে পারবে না। এটি পূর্ববর্তী মানদণ্ড, যাতে ৩-৮ গ্রেডের শিক্ষার্থীদের উত্তীর্ণ হতে হলে স্টেটের পরীক্ষাগুলোতে লেভেল ২ পাওয়ার শর্তারোপ করে, সেটির স্থলাভিষিক্ত হয়। (পৃষ্ঠা 3, §IV.A.1; পৃষ্ঠা 5, § V.A.1.)
- প্রিন্সিপ্যাল ৩-৮ গ্রেডের কোন শিক্ষার্থীকে একই ক্লাসে রেখে দেওয়া পছন্দ করতে পারেন যার প্রমোশন পোর্টফোলিওতে কোনভাবেই শিক্ষার্থীর প্রমোশনের মান অর্জনের প্রমাণ পাওয়া যায় না, এই কথাগুলো অপসারণ করা; যে শিক্ষার্থী জুন মাসের প্রমোশন পোর্টফোলিওতে প্রমোশনের মান অর্জন করবে, তাকে উত্তীর্ণ করা হবে।
- প্রিন্সিপ্যাল সন্তানের শিক্ষক ও পিতামাতার সাথে আলাপক্রমে ইংরেজি ভাষা শিক্ষার্থীসহ কে-২২ গ্রেডের শিক্ষার্থীদের প্রোমোশনের সিদ্ধান্ত গ্রহণ করবেন, এ ব্যবস্থা প্রতিষ্ঠা করা। (পৃষ্ঠা 2, § III.D.)
- যদি কে-২ গ্রেডের কোন শিক্ষার্থীর পিতামাতা প্রিন্সিপ্যালের প্রোমোশন সংক্রান্ত সিদ্ধান্তে নারাজি হন, তাহলে পিতামাতা অগাস্ট মাসে একটি লিখিত আপিলের আবেদন জমা দিতে পারেন, এবং এর চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করবেন সুপারিনটেনডেন্ট। (পৃষ্ঠা 2, § III.D.)
- অবহিত করে যে, ৩-৮ গ্রেডের শিক্ষার্থীদের জুন মাসের পোর্টফোলিও মূল্যায়ন করা হবে উত্তীর্ণ হওয়ার ন্যূনতম ধাপের ভিত্তিতে যার নির্দেশনা পাওয়া যাবে ডিওই-এর ইস্যু করা বিজ্ঞপ্তিতে। (পৃষ্ঠা 3, § IV.A.1.a; পৃষ্ঠা 5, § V.A.1.a.)
- অবহিত করে যে, ৩-৮ গ্রেডের শিক্ষার্থীদের যারা কমন কোর লারনিং স্ট্যান্ডার্ড অর্জনে পর্যাপ্ত অগ্রগতি অর্জন করেনি বলে প্রমাণ দেবে, স্কুল তাদের জন্য একটি প্রমোশন পোর্টফোলিও সংগ্রহ করবে। প্রিন্সিপ্যাল যদি ঠিক করেন যে শিক্ষার্থীর প্রমোশন পোর্টফোলিও শিক্ষার্থীর উত্তীর্ণ হওয়ার ন্যূনতম ধাপ অতিক্রমের প্রমাণ দিচ্ছে, তাহলে শিক্ষার্থীকে জুন মাসে উত্তীর্ণ করা হবে, অপরপক্ষে, যদি প্রমোশনের পোর্টফোলিও প্রমাণ দেয় যে শিক্ষার্থী ডিওই-এর ইস্যু করা বিজ্ঞপ্তি অনুযায়ী উত্তীর্ণ হওয়ার ন্যূনতম ধাপ অতিক্রম করতে পারেনি, তাহলে শিক্ষার্থীকে উত্তীর্ণ করা হবে না এবং তার জন্য সামার স্কুল সুপারিশ করা হবে। প্রিন্সিপ্যাল এ সিদ্ধান্ত পিতামাতাদেরকে জানাবেন। (পৃষ্ঠা 3, § IV.A.2.a-d; পৃষ্ঠা 5, § V.A.3-6.)
- অবহিত করে যে, যেসব শিক্ষার্থী জুন মাসে প্রমোশন লাভ না করবে, তারা উত্তীর্ণ হওয়ার ন্যূনতম ধাপ অতিক্রম করার প্রমাণ দিতে পারলে অগাস্ট মাসে তাদেরকে উত্তীর্ণ করা হবে। (পৃষ্ঠা 4, § IV.D.1; পৃষ্ঠা 7, § V.D.1 & 2.)

- জুন মাসে যারা উত্তীর্ণ হবেনা, তাদের জন্য অগাস্ট মাসের সিটিভিত্তিক পরীক্ষা গ্রহণ করতে হবে, নিউ ইয়র্ক সিটিভিত্তিক এ পরীক্ষার প্রসঙ্গটি প্রত্যাহার করা হবে।
- ব্যাখ্যা করে যে, ৩-৮ গ্রেডের ইংরেজি ভাষা শিক্ষার্থী (ইএসএল) শিক্ষায় উত্তীর্ণ হওয়ার মাপকাঠি কমন কোর লারনিং স্ট্যান্ডার্ড-এর সাথে সামঞ্জস্যপূর্ণ, এবং ৩-৮ গ্রেডের ইএসএল শিক্ষার্থী ইংলিশ অ্যাড এ সেকেন্ডে ল্যাঙ্গুয়েজ (ইএসএল) -এ পর্যাপ্ত অগ্রগতি অর্জন করে প্রমোশনের মানদণ্ড অর্জনের প্রমাণ দিতে পারে, যা: শিক্ষার্থীর কাজ, কোর্সে প্রাপ্ত গ্রেড, এবং ডিওই-এর ইস্যু করা ইএলএল-এর সাময়িক পরীক্ষা, ইত্যাদি বহুবিধ পরিমাপকের মাধ্যমে প্রমাণ করা যেতে পারে। (পৃষ্ঠা 3-4, § IV.B.1-3; পৃষ্ঠা 6, § V.B.1-3.)
- প্রাতিষ্ঠানিক শিক্ষা ব্যাহত (এসআইএফই) বাড়িতে ইংরেজি ভাষা ভিন্ন অন্য কোন ভাষায় কথা বলা হয়, এমন প্রাতিষ্ঠানিক শিক্ষা ব্যাহত (এসআইএফই) শিক্ষার্থীদের ইংরেজি ভাষা শিক্ষার্থী হিসেবে সংজ্ঞায়িত করে এবং: 1) ২য় গ্রেডের পর যুক্তরাষ্ট্রের স্কুলে ভর্তি হওয়ার জন্য; 2) সমপর্যায়ের শিক্ষার্থীদের চাইতে কমপক্ষে দুই বছর কম স্কুল করার জন্য; 3) পঠন ও গণিতে প্রত্যাশিত গ্রেডের চাইতে নিচে কাজ করার জন্য; এবং 4) হয়তো তাদের বাড়িতে ব্যবহৃত ভাষায় প্রাক-অক্ষরজ্ঞানের জন্য; (পৃষ্ঠা 4, § IV.B.2, n.1.)
- ডিস্ট্রিক্ট কমপ্রিহেনসিভ এডুকেশন প্ল্যান-এর উদ্দেশ্য ও বিষয় অনুযায়ী ভাষা হালনাগাদ করা; এবং (পৃষ্ঠা 9, § IX.B.1.)
- তদন্তের জন্য যোগাগের তথ্য হালনাগাদ করে। (পৃষ্ঠা 11, § XI.)

## সংক্ষিপ্তসার

এই প্রবিধান অবিলম্বে কার্যকর এবং তা ১৮ জুই, ২০১২ তারিখে জারিকৃত চ্যান্সেলরের প্রবিধান A–501–কে রহিত করে। এই প্রবিধান কিন্ডারগার্টেন থেকে ১২শ গ্রেড পর্যন্ত সকল গ্রেডে পুরো ব্যবস্থা জুড়ে শিক্ষার্থীদের জন্য প্রমোশনের স্পষ্ট সংজ্ঞায়িত মানদণ্ডের নিয়ম প্রতিষ্ঠা করে। এটি নিউ ইয়র্ক সিটির সকল পাবলিক স্কুলে প্রমোশন নীতি বাস্তবায়ন প্রক্রিয়ার বিস্তারিত ব্যাখ্যা দেয়।

## ভূমিকা

চ্যান্সেলরের প্রতিষ্ঠা করা নিম্নলিখিত উদ্দেশ্যগুলো প্রসঙ্গে এই প্রবিধান জারি হচ্ছে:

- চ্যান্সেলরের প্রবিধানে প্রতিষ্ঠিত নিচে বর্ণিত উদ্দেশ্যগুলো বাস্তবায়নের লক্ষ্যে এই প্রবিধানটি প্রকাশ করা হচ্ছে। এই প্রবিধানে ৩য় থেকে ১২শ গ্রেড পর্যন্ত সকল শিক্ষার্থীর জন্য উত্তীর্ণ হওয়ার যে মানদণ্ডের কথা বলা হয়েছে এবং ডিওই-এর ইস্যু করা বিজ্ঞপ্তিতে যে নির্দেশনা দেওয়া হয়েছে, সকল শিক্ষার্থীদেরকে পরবর্তী গ্রেডে উত্তীর্ণ হতে হলে এবং চূড়ান্ত পর্যায়ে কলেজ ও কর্মজীবনের জন্য প্রস্তুত হতে হলে সে মান অর্জন বা অতিক্রম করতে হবে।
- শ্রেণিকক্ষ নির্দেশনা উন্নত করার এবং শিক্ষার্থীর অগ্রগতি পরিমাপের জন্য স্টেট ও সিটি প্রতিষ্ঠিত ফল-ভিত্তিক মানের সাথে সঙ্গতিপূর্ণ একটি সামগ্রিক শিক্ষার্থী মূল্যায়ন ব্যবস্থা যা ক্রমাগতভাবে ব্যবহার করা হবে।
- যথাসময়ে সকল শিক্ষার্থীর নির্ধারিত মান অর্জন নিশ্চিত করতে স্কুলসমূহের প্রয়োজনীয় সহায়তা ও হস্তক্ষেপ কর্মসূচির প্রসারে এই স্কুল ব্যবস্থার সহায়সঙ্গতিসমূহের কৌশলগত উন্নয়ন ও প্রয়োগ ঘটানো হবে।
- কার্যকর পেশাগত উন্নয়নের মাধ্যমে স্কুলগুলির শিক্ষানির্দেশনা ক্ষমতার বিস্তার ও বৃদ্ধি ঘটানো হবে যেন ৩য় গ্রেড শেষে সকল শিক্ষার্থী সাক্ষরতা ও গণিতে দক্ষতা লাভ করে এবং ৩য় থেকে ১২শ গ্রেড পর্যন্ত উত্তীর্ণ হওয়ার মান অর্জনে সফল হয়।
- শিক্ষার্থী সাফল্য বৃদ্ধির জন্য পুরো স্কুল কম্যুনিটি একটি কার্যকর কৌশল সৃষ্টি ও সহায়তাদানে অব্যাহতভাবে নিয়োজিত থাকবে।

## I. যে সকল শিক্ষার্থীর জন্য এই প্রবিধান প্রমোশন লাভের মানদণ্ড প্রতিষ্ঠা করে

নিম্নবর্ণিত ক্ষেত্রে এই প্রবিধান উত্তীর্ণ হওয়ার মান প্রতিষ্ঠা করে:

A. ইংরেজিতে দক্ষ সাধারণ শিক্ষার শিক্ষার্থীদের।

B. ৩-৭ গ্রেডের ইংরেজি ভাষা শিক্ষার্থীদের (ইএলএল), যারা যুক্তরাষ্ট্রের স্কুল ব্যবস্থায় (ইএসএসএস) প্রবেশ করেছে কমপক্ষে দুই বছর ধরে এবং ৮-১২ গ্রেডের যেসব ইএলএল যুক্তরাষ্ট্রের স্কুল ব্যবস্থায় কমপক্ষে এক বছর ধরে প্রবেশ করেছে, তাদের জন্য।

C. স্পেশাল এডুকেশন সার্ভিস গ্রহণকারী প্রতিবন্ধী শিক্ষার্থীদের যারা স্টেট ও স্টেটের পরীক্ষায় অংশগ্রহণ করে। যাদের আইইপি সংশোধিত প্রমোশন মান নির্দিষ্ট করা নেই, ইংরেজিতে তাদের গ্রেড পর্যায়ের দক্ষ সাধারণ শিক্ষার শিক্ষার্থীদের প্রমোশনের জন্য যে মানদণ্ড প্রয়োগ করা হয়, তাদের ক্ষেত্রেও সে মানদণ্ড প্রয়েঅগ করা হবে। যেসব শিক্ষার্থীর ক্ষেত্রে তাদের ইনডিভিজুয়েলাইজড এডুকেশন প্রোগ্রামে (আইইপি) একটি সংশোধিত প্রমোশনের মানদণ্ড প্রয়োগের সুপারিশ আছে, তাদের ক্ষেত্রে আইইপি-তে সুপারিশকৃত সংশোধিত মানদণ্ড প্রয়োগ করা হবে।

## II. অব্যাহতিপ্রাপ্ত শিক্ষার্থী

নিম্নোল্লিখিত শিক্ষার্থীদের ক্ষেত্রে প্রমোশনের মানদণ্ড প্রয়োগ করা হবে না:

A. প্রি-কিন্ডারগার্টেনের সকল শিক্ষার্থী।

B. ৩-৭ গ্রেডের সকল ইংরেজি ভাষা শিক্ষার্থী, এর মধ্যে অন্তর্ভুক্ত আছে স্পেশাল এডুকেশন সার্ভিস গ্রহণকারী ৩-৭ গ্রেডের প্রতিবন্ধী শিক্ষার্থী যারা যুক্তরাষ্ট্রের স্কুল ব্যবস্থায় (ইউনাইটেড স্টেটস স্কুল সিস্টেম, ইউএসএসএস) (পোর্টোরিকো ছাড়া) দুই বছরের কম সময়ের জন্য নিবন্ধিত আছে।

C. ৮ গ্রেডের ইংরেজি ভাষা শিক্ষার্থী, যার মধ্যে অন্তর্ভুক্ত আছে ৮ গ্রেডের প্রতিবন্ধী শিক্ষার্থী যারা যুক্তরাষ্ট্রের স্কুল ব্যবস্থায় এক বছরের কম সময়ের জন্য নিবন্ধিত আছে।

D. প্রতিবন্ধী শিক্ষার্থী যাদের আইইপি তাদেরকে নিউ ইয়র্ক স্টেট অ্যাসেসমেন্ট-এ (নিউ ইয়র্ক স্টেট-এর পরীক্ষা, এনওয়াইএসএএ) অংশগ্রহণ করতে সুপারিশ করে।

## III. শিক্ষার্থীর সাফল্যের জন্য আগাম প্রস্তুতি (প্রি-কিন্ডারগার্টেন থেকে ২ গ্রেড)

আর্লি চাইল্ডহুড (শৈশব) গ্রেডসমূহ - প্রি-কিন্ডারগার্টেন, কিন্ডারগার্টেন, ১ম ও ২য় - পরবর্তী গ্রেডসমূহে সাফল্যলাভে শিক্ষার্থীদের প্রস্তুত করার জন্য গুরুত্বপূর্ণ বছর। প্রত্যেক স্কুল সকল শিক্ষার্থীকে উত্তীর্ণ হওয়ার মান অর্জনে সমর্থ করতে আগাম শনাক্তকরণ, উৎকর্ষসাধন এবং সহায়তাদানের উদ্দেশ্যে একটি নির্দিষ্ট কর্মসূচি বাস্তবায়ন করবে।

A. <u>অগ্রগতির মূল্যায়ন</u>

শিক্ষার্থী সাক্ষরতা ও গণিতে কমন কোর লার্নিং স্ট্যান্ডার্ড অনুসারে শিক্ষণ মান অর্জনের পথে অগ্রসর হওয়ার প্রমাণ দিচ্ছে কি-না, তার প্রমাণসহ শিক্ষার্থীর প্রতিবেদনের যাবতীয় বিষয় পর্যায়ক্রমে পর্যালোচনা করা হবে যাতে শিক্ষার্থীরা সাক্ষরতা ও গণিতে দক্ষতা অর্জনের পথে অগ্রসর হচ্ছে কি-না এবং যেসব শিক্ষার্থীর অগ্রগতি নিয়ে উদ্বেগ আছে, তাদের জন্য যথাযথ সহায়তা ও হস্তক্ষেপ কৌশল ব্যবহার করা হচ্ছে কি-না, তা নিশ্চিত করা যায়। পিতামাতাগণকে তাদের সন্তানের সাক্ষরতায় অগ্রগতিলাভের কথা অবহিত করা হবে ও এই প্রক্রিয়াটির সাথে যুক্ত রাখা হবে এবং শ্রেণীকক্ষের কার্যাবলি ও বাড়ির কাজে সহায়তাদানের ক্ষেত্রে অংশগ্রহণের সুযোগ দেয়া হবে।

B. <u>শিক্ষানির্দেশনামূলক কৌশল ও হস্তক্ষেপ</u>

৩য় গ্রেডের আগে শিক্ষার্থীকে প্রস্তুত করার ভিত্তি হবে সাক্ষরতা ও গণিতে প্রমিত মান অর্জনকে অগাধিকার দেয়ার লক্ষ্যে প্রতিষ্ঠিত শিক্ষানির্দেশনার রীতি, কৌশল ও হস্তক্ষেপসমূহ। যাতে নিশ্চিত করা যায় যে সকল শিক্ষার্থী ৩য় গ্রেডের আগেই লিখন ও পঠনে স্বাবলম্বী, সেজন্য কমন কোর লার্নিং স্ট্যান্ডার্ড ফর লিটারেসি এবং ম্যাথম্যাটিক্স, দীর্ঘায়িত দিবস ও দীর্ঘায়িত বর্ষব্যাপী সম্প্রসারিত শিক্ষানির্দেশনা, টিউটরিং এবং অন্যান্য কার্যক্রমের ব্যবহার থেকে এই সকল রীতি আহৃত হবে।

C. <u>উপস্থিতি</u>

স্কুলে তাদের প্রথম অভিজ্ঞতা থেকেই শিক্ষার্থীদের উপস্থিতির সুঅভ্যাস গড়ে তোলার ক্ষেত্রে উৎসাহপ্রদান করা হবে। তাই, কমপক্ষে ৯০% উপস্থিতি লক্ষ্যমাত্রা স্থির করে বিষয়টি নিয়ে পিতামাতাদের সাথে মতবিনিময় করতে হবে যাতে তারা প্রত্যাশিত উপস্থিতির গুরুত্ব অনুধাবনে সক্ষম হন এবং এ বিষয়ে তাদের অব্যাহত সহায়তা বজায় রাখেন।

D. <u>প্রমোশনের সিদ্ধান্ত</u>

শৈশবের গ্রেডসমূহে স্কুলের এটা প্রদর্শন করা আবশ্যক হবে যে, সকল শিক্ষার্থীকে অত্যন্ত গুরুত্বের সাথে উত্তীর্ণ হওয়ার যোগ্য করে তোলার ক্ষেত্রে বিভিন্ন ধরনের নিবিড়, যথোপযুক্ত হস্তক্ষেপমূলক ও শিক্ষানির্দেশনাগত কৌশল সুসমঞ্জসভাবে ব্যবহার করা হয়েছে। পরবর্তী গ্রেডে উত্তীর্ণ হওয়া সন্তানের জন্য ভালো হবেনা বলে যে ক্ষেত্রে বিবেচনা করা হবে, সেক্ষেত্রে সন্তানকে উত্তীর্ণ করা হবে, না-কি তাকে অনুত্তীর্ণ রাখা হবে, সে সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় পিতামাতাদেরকে সক্রিয়ভাবে জড়িত করতে হবে। ছেলেমেয়ের শিক্ষকসহ পিতামাতাদের সাথে আলোচনা করে প্রিন্সিপ্যাল প্রতিবন্ধী ও ইংরেজি ভাষা শিক্ষার্থীসহ (ইএলএল) কে-২ শিক্ষার্থীদের প্রমোশনের সিদ্ধান্ত গ্রহণ করবেন। প্রতিবন্ধী শিক্ষার্থীদেরে

প্রমোশন দেওয়া বা অনুত্তীর্ণ রাখার সিদ্ধান্তের ক্ষেত্রে শিক্ষার্থীর গ্রেড পর্যায়ের অগ্রগতি ও তার আইইপি-এর উদ্দীষ্ট লক্ষ্য অর্জনে দক্ষতার কথা বিবেচনায় থাকবে। ইএলএল-দের প্রমোশন দেওয়া বা অনুত্তীর্ণ রাখার সিদ্ধান্তের ক্ষেত্রে শিক্ষার্থীর ভাষাশিক্ষায় অগ্রগতির কথা বিবেচনা অন্তর্ভুক্ত থাকবে; তবে শুধু সীমিত ইংরেজি জানা অনুত্তীর্ণ রাখার একমাত্র কারণ হতে পারে না। যদি পিতামাতা প্রোমোশন সংক্রান্ত সিদ্ধান্তে নারাজি হন, তাহলে অগাস্ট মাসের শেষ দিকে একটি লিখিত আপিলের আবেদন প্রিন্সিপ্যালের কাছে জমা দিতে পারেন। সুপারিন্টেন্ডেন্ট প্রিন্সিপ্যালের সিদ্ধান্ত পুনরীক্ষণ করবেন এবং চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করবেন।

E. <u>পেশাদারত্ব উন্নয়ন</u>

শিক্ষার্থীরা যাতে উৎকর্ষসাধনের প্রতিটি সুযোগ লাভ করতে পারে, সেটা নিশ্চিত করতে অন্যান্য গ্রেডের ন্যায় প্রারম্ভিক গ্রেডসমূহের স্কুল-ভিত্তিক সকল কর্মীর জন্য অব্যাহতভাবে পেশাগত বিষয়ে অভিনিবিষ্ট পেশাদারত্ব উন্নয়ন অত্যন্ত গুরুত্বপূর্ণ। পেশাগত মানোন্নয়নের অভিনিবেশ হবে কার্যকর শিক্ষানির্দেশনা যা স্পষ্টভাবে কমন কোর লার্নিং স্ট্যান্ডার্ড ফর লিটারেসি অ্যান্ড ম্যাথম্যাটিক্স, শিক্ষানির্দেশনার উন্নতিতে শিক্ষার্থী মূল্যায়নের উপাত্ত ব্যবহার, শিক্ষানির্দেশনা কৌশল এবং যে সকল শিক্ষার্থীর উত্তীর্ণ হওয়া নিয়ে সংশয় আছে, তাদের জন্য সহায়তামূলক হস্তক্ষেপ এবং শিক্ষার্থীর শিক্ষালাভে পিতামাতার সক্রিয় অংশীদারিত্বের বিষয়ের উপর অভিনিবিষ্ট।

## IV. ৩ থেকে ৭ গ্রেডের ইংরেজিতে দক্ষ সাধারণ শিক্ষার শিক্ষার্থী, স্টেটের পরীক্ষায় অংশগ্রহণকারী প্রতিবন্ধী শিক্ষার্থী, এবং ইংরেজি ভাষা শিক্ষার্থীদের প্রমোশনের মানদণ্ড

প্রমোশনের সিদ্ধান্ত গ্রহণের সময় বহুসংখ্যক মানদণ্ড বিবেচনায় আনা হবে।

A. ৩ থেকে ৭ গ্রেড পর্যন্ত ইংরেজিতে দক্ষ সাধারণ শিক্ষার শিক্ষার্থী এবং আইইপি-তে সংশোধিত প্রমোশনের মানদণ্ডের সুপারিশ নাই, এমন প্রতিবন্ধী শিক্ষার্থীদের প্রমোশন

1. প্রমোশনের বহুসংখ্যক মানদণ্ড।

a. পরবর্তী গ্রেডে উত্তীর্ণকরণ নির্ভর করবে বহুসংখ্যক মানদণ্ড, যেমন স্টেট পরীক্ষার নম্বর, কোর্সের নম্বর, রিপোর্ট কার্ড, শিক্ষার্থীর লেখা, প্রজেক্টস অ্যাসাইনমেন্ট-এর নমুনা এবং অন্যান্য কার্যসম্পাদনাভিত্তিক শিক্ষার্থীর কাজের নমুনা, ইত্যাদির ব্যবহারের ভিত্তিতে। তা সত্ত্বেও, স্টেটের পরীক্ষার স্কোর উত্তীর্ণ হওয়ার সিদ্ধান্ত গ্রহণের প্রাথমিক বা প্রধান ভিত্তি হতে পারবে না। প্রমোশনের সিদ্ধান্ত গ্রহণ করা হবে কিছু অগ্রবর্তী মানদণ্ডসমূহের সার্বিক মূল্যায়নসমূহের এবং শিক্ষার্থী কমন কোর লার্নিং স্ট্যান্ডার্ড ফর ইংলিশ ল্যাঙ্গুয়েজ আর্টস অ্যান্ড ম্যাথমেটিক্স অর্জনে পর্যাপ্ত অগ্রগতি অর্জন করেছে কি না, তার পরিমাপের ভিত্তিতে।

2. জুন মাসের পর্যালোচনা প্রক্রিয়া।

a. যদি উপরে প্যারাগ্রাফ 1(a)-তে বর্ণিত প্রমোশনের মান অর্জিত না হয়, কিংবা প্রোমোশন সংক্রান্ত সিদ্ধান্ত গ্রহণের জন্য স্কুলের কাছে যদি শিক্ষার্থীর কাজের যথেষ্ট নমুনা না থাকে, তাহলে স্কুলকে একটি প্রোমোশন পোর্টফোলিও সংগ্রহ করতে হবে যাতে প্রমোশনের জন্য শিক্ষার্থী প্রস্তুত কি না, সেটা মূল্যায়ন করা সম্ভব হয়। প্রমোশন পোর্টফোলিও ধারাবাহিক মূল্যায়ন ও শিক্ষার্থীর কাজের সমাহার যা কোন শিক্ষার্থীর গ্রেড পর্যায়ের কমন কোর লার্নিং স্ট্যান্ডার্ড অর্জনে দক্ষতার প্রতিফলন ঘটায়।

b. প্রোমোশন পোর্টফোলিও টিচার্স ম্যানুয়েলে প্রতিষ্ঠিত প্রোমোশনের ন্যূনতম ধাপ প্রয়োগ করে ক্লাসরুম শিক্ষক প্রোমোশনের সুপারিশ তৈরির জন্য প্রতিটি শিক্ষার্থীর প্রমোশন পোর্টফোলিওর মূল্যায়নসমূহ ও শিক্ষার্থীর কাজের নমুনা পরীক্ষা করে করবেন। এরপর প্রোমোশন পোর্টফোলিওর সকল উপকরণসহ সুপারিশ প্রিন্সিপ্যালকে অথবা তার স্থলাভিষিক্ত ব্যক্তির কাছে জমা দেওয়া হবে এবং শিক্ষার্থীর স্থায়ী রেকর্ডে সংরক্ষণ করা হবে।

c. যদি প্রোমোশন পোর্টফোলিও পর্যালোচনার পর প্রিন্সিপ্যাল বা তার স্থলাভিষিক্ত ব্যক্তি নিশ্চিত হন যে শিক্ষার্থী প্রোমোশন লাভের ন্যূনতম ধাপ অর্জন করেছে, তাহলে শিক্ষার্থীকে জুন মাসে উত্তীর্ণ করা হবে।

d. প্রিন্সিপ্যাল যদি ঠিক করেন যে শিক্ষার্থীর প্রমোশন পোর্টফোলিও শিক্ষার্থীর উত্তীর্ণ হওয়ার ন্যূনতম ধাপ অতিক্রমের প্রমাণ দিচ্ছে না,, তাহলে প্রিন্সিপ্যাল শিক্ষার্থীর জন্য সামার স্কুল সুপারিশ করবেন। প্রিন্সিপ্যালকে অথবা তার স্থলাভিষিক্ত ব্যক্তিকে পোর্টফোলিওর ফল শিক্ষার্থীর পিতামাতাদেরকে জানাবেন এবং শিক্ষার্থীকে সামার স্কুলে পাঠাবার সিদ্ধান্তের ব্যাপারেও জানাবেন।

e. ডিওই স্কুলের জুন মাসের প্রোমোশনের সিদ্ধান্ত তদারক করবে এবং এ প্রবিধানের নিয়মের সাথে সঙ্গিত রেখে সুপারিনটেনডেন্ট প্রতিটি স্কুলের নেওয়া প্রোমোশনের সিদ্ধান্তের অনুমোদন দেবে। যদি পিতামাতা প্রোমোশন সংক্রান্ত সিদ্ধান্তে নারাজি হন, তাহলে অগাস্ট মাসে দিকে একটি লিখিত আপিলের আবেদন প্রিন্সিপ্যালের কাছে জমা দিতে পারেন। সুপারিন্টেন্ডেন্ট প্রিন্সিপ্যালের সিদ্ধান্ত পুনরীক্ষণ করবেন এবং চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করবেন।

B. ৩ থেকে ৭ গ্রেড পর্যন্ত ইংরেজি ভাষা শিক্ষার্থীদের প্রমোশন

এককভাবে ইংরেজিতে সীমিত দক্ষতা অনূত্তীর্ণ রাখার কারণ হতে পারবেনা। ইএলএল-দের প্রমোশনের মানদণ্ড নির্ধারণ করা হবে শিক্ষার্থী কতো বছর যাবত ইউনাইটেড স্টেটস স্কুল সিস্টেমে (যুক্তরাষ্ট্রের স্কুল ব্যবস্থায়, ইউএসএসএস) (পোর্টো রিকোর স্কুলগুলো ছাড়া) অন্তর্ভুক্ত আছে, তার উপর ভিত্তি করে।

1. ছয় বছর বা অধিককালের জন্য ভর্তি থাকা শিক্ষার্থীদেরকে সেকশন IV.A.1.a-তে বর্ণিত প্রমোশনের মানদণ্ড অনুযায়ী বিবেচনা করা হবে।

2. প্রথাগত শিক্ষা বাধাপ্রাপ্ত শিক্ষার্থীদের [1] (এসআইএফ, সাইফ) উত্তীর্ণ হওয়ার মান নির্ভর করবে:

   a. কমন কোর লার্নিং স্ট্যান্ডার্ড ফর ইংলিশ অ্যান্ড ম্যাথমেটিক্স -এর সাথে সামঞ্জস্যবিধান করে দ্বিতীয় ভাষা হিশেবে ইংরেজি (ইএসএল) শিক্ষায় পর্যাপ্ত অগ্রগতি প্রদর্শন করে যা শিক্ষার্থীর কাজ, কোর্সের নম্বর, এবং ডিওই-এর ইস্যু করা ইএলএল সাময়িক মূল্যায়নসহ বহুবিধ পরিমাপকের দ্বারা প্রমাণিত হয়; এবং

   b. শিক্ষার্থীর মাতৃভাষায় বা ইএসএল পদ্ধতি ব্যবহার করে শেখানো গণিত শিক্ষায় কমন কোর লার্নিং স্ট্যান্ডার্ড ফর ম্যাথমেটিক্স-এ সন্তোষজনক অগ্রগতির প্রমাণ দেয়; কিংবা ইএসএল পদ্ধতি ব্যবহার করে গণিত শিক্ষায় পর্যাপ্ত অগ্রগতির প্রমাণ দেয় যা শিক্ষার্থীর কাজে প্রমাণিত হয়।

3. কমপক্ষে দুই বছর, তবে ছয় বছরের কম সময়ের জন্য নিবন্ধিত শিক্ষার্থীদের উত্তীর্ণ হওয়া নির্ভর করবে নিচের বিষয়গুলোর উপর:

   a. কমন কোর লার্নিং স্ট্যান্ডার্ড ফর ইংলিশ অ্যান্ড ম্যাথমেটিক্স -এর সাথে সামঞ্জস্যবিধান করে দ্বিতীয় ভাষা হিশেবে ইংরেজি (ইএসএল) শিক্ষায় পর্যাপ্ত অগ্রগতি অর্জনন করে যা শিক্ষার্থীর কাজ, কোর্সের নম্বর, এবং ডিওই-এর ইস্যু করা ইএলএল সাময়িক মূল্যায়নসহ বহুবিধ পরিমাপকের দ্বারা প্রমাণিত হয়; এবং

   b. শিক্ষার্থীর মাতৃভাষায় বা ইএসএল পদ্ধতি ব্যবহার করে শেখানো গণিত শিক্ষায় কমন কোর লার্নিং স্ট্যান্ডার্ড ফর ম্যাথমেটিক্স-এ পর্যাপ্ত অগ্রগতির প্রমাণ দেয়; কিংবা ইএসএল পদ্ধতি ব্যবহার করে গণিত শিক্ষায় সন্তোষজনক অগ্রগতির প্রমাণ দেয় যা শিক্ষার্থীর কাজে প্রমাণিত হয়।

4. ৩ থেকে ৭ গ্রেড পর্যন্ত যেসব ইংরেজি ভাষা শিক্ষার্থী জুন মাসে প্রমোশন লাভ করেনা, তাদেরকে সামার স্কুলের জন্য সুপারিশ করা হবে। এসব শিক্ষার্থীদের প্রোমোশনের সিদ্ধান্ত অগাস্ট মাসে পর্যালোচনা করা হবে এবং চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করবেন প্রিন্সিপ্যাল। অগাস্ট মাসে প্রোমোশনের সিদ্ধান্ত গ্রহণকালে প্রিন্সিপ্যাল শিক্ষার্থীর সামার স্কুলের কাজ এবং পরীক্ষার উপাত্ত, পাওয়া গেলে, বিবেচনা করবেন। যদি কোন পিতামাতা প্রোমোশন সংক্রান্ত সিদ্ধান্তে নারাজি হন, তাহলে অগাস্ট মাসের শেষ দিকে একটি লিখিত আপিলের আবেদন প্রিন্সিপ্যালের কাছে জমা দিতে পারেন। সুপারিন্টেন্ডেন্ট প্রিন্সিপ্যালের সিদ্ধান্ত পুনরীক্ষণ করবেন এবং চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করবেন।

C. <u>৩ থেকে ৭ গ্রেড পর্যন্ত প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের যারা স্টেট পরীক্ষায় অংশগ্রহণ করছে যাদের আইইপি উত্তীর্ণ হওয়ার একটি সংশোধিত মানদণ্ড নির্দিষ্ট করে</u>

আইপি টিম যখন আইইপি-তে একটি সংশোধিত প্রাতিষ্ঠানিক প্রমোশনের মান নির্ধারণ করে দেয়, তখন সংশোধিত মান প্রয়োগ করা হবে। সংশোধিত প্রমোশনের মানবিশিষ্ট শিক্ষার্থী যাকে জুন মাসে উত্তীর্ণ হতে পারেনা, তাকে সামার স্কুলের সুপারিশ করা হয়। এসব শিক্ষার্থীদের প্রোমোশনের সিদ্ধান্ত অগাস্ট মাসে পর্যালোচনা করা হবে এবং চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করবেন প্রিন্সিপ্যাল।

[1] প্রাতিষ্ঠানিক শিক্ষা ব্যাহত (এসআইএফই ) শিক্ষার্থী হলো তারা, বাড়িতে যারা ইংরেজি ভাষা ভিন্ন অন্য কোন ভাষায় কথা বলে এবং: 1) দ্বিতীয় গ্রেডের পর যুক্তরাষ্ট্রের স্কুলে ভর্তি হওয়া; 2) সমপর্যায়ের শিক্ষার্থীদের চাইতে কমপক্ষে দুই বছর কম স্কুল করা; 3) পঠন ও গণিতে প্রত্যাশিত গ্রেডের চাইতে নিচে কাজ করা; এবং 4) হয়তো তাদের বাড়িতে ব্যবহৃত ভাষায় প্রাক-অক্ষরজ্ঞান থাকা।

D. <u>৩ থেকে ৭ গ্রেড পর্যন্ত ইংরেজিতে দক্ষ সাধারণ শিক্ষার শিক্ষার্থী, আইইপি-তে সংশোধিত প্রমোশনের মানদণ্ডের সুপারিশবিহীন প্রতিবন্ধী শিক্ষার্থী, এবং ছয় বছরের অধিককাল নিবন্ধিত ইংরেজি ভাষা শিক্ষার্থীদের প্রমোশনের জন্য অগাস্ট মাসের পর্যালোচনা প্রক্রিয়া</u>

1. যে সকল শিক্ষার্থী জুন মাসে প্রমোশন লাভ করেনি, তাদের জন্য প্রিন্সিপ্যাল অগাস্ট মাসে তাদের সামার স্কুলের কাজসহ ইতোপূর্বে তাদের ক্লাসরুম টিচারের জমা দেওয়া প্রোমোশন পোর্টফোলিও পর্যালোচনা করবেন। যদি প্রিন্সিপ্যালের সিদ্ধান্ত অনুযায়ী, শিক্ষকদের প্রোমোশন পোর্টফোলিও ম্যানুয়েলের সংজ্ঞায় শিক্ষার্থী প্রোমোশনের ন্যূনতম ধাপ অতিক্রম করে থাকে, তাহলে সে শিক্ষার্থীকে পরবর্তী গ্রেডে উত্তীর্ণ করা হবে।

2. অগাস্ট মাসে প্রিন্সিপ্যাল সেসব শিক্ষার্থীদেরকে প্রোমোশন দেওয়ার জন্য কিছু সুনির্দিষ্ট বিষয় বিবেচনা করবেন, যাদেরকে ইতোপূর্বে প্রোমোশন না দিয়ে তাদের বর্তমান গ্রেডে বা পূর্ববর্তী দুই গ্রেড পর্যায়ে রেখে দেওয়া হয়েছিল, অথবা যাদেরকে বর্তমান স্কুল বছরের ৩১ ডিসেম্বরে দুই বা তার চাইতে অধিক। এসব শিক্ষার্থীর ক্ষেত্রে প্রিন্সিপ্যাল মূল্যায়নের বহুবিধ মাপকাঠি (যেমন প্রমিত পরীক্ষার স্কোর, ক্লাসরুমের মূল্যায়মান, এবং সমাপ্ত করা ক্লাসের কাজ) ব্যবহার করে শিক্ষার্থীর অগ্রগতি পরিমাপ করতে পারেন। যেসব শিক্ষার্থী উপরোল্লিখিত পরীক্ষাগুলোতে উন্নতির প্রমাণ দেখাতে পারবে, প্রিন্সিপ্যাল তাদেরকে প্রমোশনের জন্য সুপারিশ করতে পারবেন।

## V. <u>গ্রেডের ইংরেজিতে দক্ষ সাধারণ শিক্ষার শিক্ষার্থী, আইইপি-তে সংশোধিত মানদণ্ডের সুপারিশ করা হয়নি এমন প্রতিবন্ধী শিক্ষার্থী, এবং ইংরেজি ভাষা শিক্ষার্থী প্রমোশনের</u>

বহুসংখ্যক মানদণ্ডের ভিত্তিতে প্রমোশনের সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

A. <u>ইংরেজিতে দক্ষ সাধারণ শিক্ষার শিক্ষার্থীদের এবং আইইপি-তে সংশোধিত প্রমোশনের মানদণ্ডের সুপারিশ নাই, এমন প্রতিবন্ধী শিক্ষার্থীদের ৮ থেকে ৯ গ্রেডে প্রমোশন</u>

1. <u>প্রমোশনের বহুসংখ্যক মানদণ্ড।</u> ৮ গ্রেড থেকে ৯ গ্রেডে উত্তীর্ণ হওয়া নির্ভর করবে নিচের বিষয়গুলোর উপর:

   a. বহুসংখ্যক মানদণ্ড, যেমন স্টেট পরীক্ষার নম্বর, কোর্সের নম্বর, রিপোর্ট কার্ড, শিক্ষার্থীর লেখা, প্রজেক্ট, অ্যাসাইনমেন্ট-এর নমুনা এবং অন্যান্য কার্যসম্পাদনাভিত্তিক শিক্ষার্থীর কাজের নমুনা, ইত্যাদির সমন্বিত ব্যবহারের ভিত্তিতে। তা সত্ত্বেও, স্টেটের পরীক্ষার স্কোর উত্তীর্ণ হওয়ার সিদ্ধান্ত গ্রহণের প্রাথমিক বা প্রধান ভিত্তি হতে পারবে না। প্রমোশনের সিদ্ধান্ত গ্রহণ করা হবে কিছু অগ্রবর্তী মানদণ্ডসমূহের সার্বিক মূল্যায়নসমূহের এবং শিক্ষার্থী কমন কোর লার্নিং স্ট্যান্ডার্ড ফর ইংলিশ ল্যাঙ্গুয়েজ আর্টস অ্যান্ড ম্যাথমেটিক্স অর্জনে পর্যাপ্ত অগ্রগতি অর্জন করেছে কি না, তার পরিমাপের ভিত্তিতে; এবং

   b. মূল পাঠ্য ইংরেজি, গণিত, বিজ্ঞান এবং সমাজপাঠের মূল পাঠ্য কোর্সগুলোতে উত্তীর্ণযোগ্য নম্বর অর্জন করা।

2. জুন মাসে ৮ গ্রেডের যেসব শিক্ষার্থী এক বা একাধিক মূল পাঠ্য বিষয়ে উত্তীর্ণ না হওয়ার কারণে প্রমোশনের মান অর্জন করতে ব্যর্থ হয়, তারা সামার স্কুলে কোর্সের শর্ত পূরণ করে প্রয়োজনীয় কোর্সে (কোর্সগুলোতে) প্রমোশনের মান অর্জন করতে পারবে।

3. <u>জুন মাসের পর্যালোচনা প্রক্রিয়া।</u> যদি উপরে প্যারাগ্রাফ 1-এ বর্ণিত প্রমোশনের মান অর্জিত না হয়, কিংবা প্রোমোশন সংক্রান্ত সিদ্ধান্ত গ্রহণের জন্য স্কুলের কাছে যদি শিক্ষার্থীর কাজের যথেষ্ট নমুনা না থাকে, তাহলে স্কুলকে একটি প্রোমোশন পোর্টফোলিও সংগ্রহ করতে হবে যাতে প্রমোশনের জন্য শিক্ষার্থী প্রস্তুত কি না, সেটা মূল্যায়ন করা সম্ভব হয়। প্রমোশন পোর্টফোলিও ধারাবাহিক মূল্যায়ন ও শিক্ষার্থীর কাজের সমাহার যা কোন শিক্ষার্থীর গ্রেড পর্যায়ের কমন কোর লার্নিং স্ট্যান্ডার্ড অর্জনে দক্ষতার প্রতিফলন ঘটায়।

4. প্রোমোশন পোর্টফোলিও টিচার্স ম্যানুয়েলে প্রতিষ্ঠিত প্রোমোশনের ন্যূনতম ধাপ প্রয়োগ করে ক্লাসরুম শিক্ষক প্রতিটি শিক্ষার্থীর প্রমোশন পোর্টফোলিওর মূল্যায়নসমূহ ও শিক্ষার্থীর কাজের নমুনা পরীক্ষা করে করবেন। এরপর প্রোমোশন পোর্টফোলিওর সকল উপকরণ প্রিন্সিপ্যাল অথবা তার স্থলাভিষিক্ত ব্যক্তি পর্যালোচনা করবেন এবং শিক্ষার্থীর স্থায়ী রেকর্ডে সংরক্ষণ করবেন।

5. যদি প্রোমোশন পোর্টফোলিও পর্যালোচনার পর প্রিন্সিপ্যাল বা তার স্থলাভিষিক্ত ব্যক্তি নিশ্চিত হন যে শিক্ষার্থী প্রোমোশন লাভের ন্যূনতম ধাপ অর্জন করেছে, তাহলে শিক্ষার্থীকে জুন মাসে উত্তীর্ণ করা হবে।

6. প্রিন্সিপ্যাল যদি ঠিক করেন যে শিক্ষার্থীর প্রমোশন পোর্টফোলিও শিক্ষার্থীর উত্তীর্ণ হওয়ার ন্যূনতম ধাপ অতিক্রমের প্রমাণ দিচ্ছে না, তাহলে প্রিন্সিপ্যাল শিক্ষার্থীর জন্য সামার স্কুল সুপারিশ করবেন। প্রিন্সিপ্যাল অথবা তার স্থলাভিষিক্ত ব্যক্তিকে পোর্টফোলিওর ফল শিক্ষার্থীর পিতামাতাদেরকে জানাবেন এবং শিক্ষার্থীকে সামার স্কুলে পাঠাবার সিদ্ধান্তের ব্যাপারেও জানাবেন।

7. ডিওই স্কুলের জুন মাসের প্রোমোশনের সিদ্ধান্ত তদারক করবে এবং এ প্রবিধানের নিয়মের সাথে সঙ্গিত রেখে সুপারিনটেনডেন্ট প্রতিটি স্কুলের নেওয়া প্রোমোশনের সিদ্ধান্তের অনুমোদন দেবে। যদি পিতামাতা প্রোমোশন সংক্রান্ত সিদ্ধান্তে নারাজি হন, তাহলে অগাস্ট মাসে দিকে একটি লিখিত আপিলের আবেদন প্রিন্সিপ্যালের কাছে জমা দিতে পারেন। সুপারিন্টেন্ডেন্ট প্রিন্সিপ্যালের সিদ্ধান্ত পুনরীক্ষণ করবেন এবং চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করবেন।

B. <u>ইংরেজি ভাষা শিক্ষার্থীদের ৮ম গ্রেড থেকে প্রমোশন দেওয়া</u>

এককভাবে ইংরেজিতে সীমিত দক্ষতা অনুত্তীর্ণ রাখার কারণ হতে পারবেনা। ইংরেজি ভাষা শিক্ষার্থীদের প্রমোশনের মানদণ্ড নির্ধারণ করা হবে শিক্ষার্থী কতো বছর যাবত পোর্টো রিকো ব্যতীত ইউনাইটেড স্টেটস স্কুল সিস্টেমে (যুক্তরাষ্ট্রের স্কুল ব্যবস্থায়, ইউএসএসএস) অন্তর্ভুক্ত আছে, তার উপর ভিত্তি করে:

1. প্রথাগত শিক্ষা বাধাপ্রাপ্ত শিক্ষার্থীদের (এসআইএফ, সাইফ) উত্তীর্ণ হওয়ার মান নির্ভর করবে:

   a. কমন কোর লার্নিং স্ট্যান্ডার্ড ফর ইংলিশ অ্যান্ড ম্যাথমেটিক্স -এর সাথে সামঞ্জস্যবিধান করে দ্বিতীয় ভাষা হিশেবে ইংরেজি (ইএসএল) শিক্ষায় পর্যাপ্ত অগ্রগতি অর্জন করা যা শিক্ষার্থীর কাজ, কোর্সের নম্বর, এবং ডিওই-এর ইস্যু করা ইএলএল সাময়িক মূল্যায়নসহ বহুবিধ পরিমাপকের দ্বারা প্রমাণিত হয়; এবং

   b. বহুবিধ মানদণ্ডের সমন্বিত ব্যবহার করা এবং ডিওই নির্দেশিত ন্যূনতম প্রোমোশনের ধাপ-এর সংজ্ঞা অনুযায়ী কমন কোর লার্নিং স্ট্যান্ডার্ড ইন ম্যাথমেটিক্স-এ পর্যাপ্ত অগ্রগতি অর্জনের প্রমাণ দেওয়া।

2. কমপক্ষে এক বছর, তবে দুই বছরের কম সময়ের জন্য নিবন্ধিত শিক্ষার্থীদের উত্তীর্ণ হওয়া নির্ভর করবে নিচের বিষয়গুলোর উপর:

   a. কমন কোর লার্নিং স্ট্যান্ডার্ড ফর ইংলিশ অ্যান্ড ম্যাথমেটিক্স -এর সাথে সামঞ্জস্যবিধান করে দ্বিতীয় ভাষা হিশেবে ইংরেজি (ইএসএল) শিক্ষায় পর্যাপ্ত অগ্রগতি অর্জন করা যা শিক্ষার্থীর কাজ, কোর্সের নম্বর, এবং ডিওই-এর ইস্যু করা ইএলএল সাময়িক মূল্যায়নসহ বহুবিধ পরিমাপকের দ্বারা প্রমাণিত হয়; এবং

   b. বহুবিধ মানদণ্ডের সমন্বিত ব্যবহার করা এবং ডিওই নির্দেশিত ন্যূনতম প্রোমোশনের ধাপ-এর সংজ্ঞা অনুযায়ী কমন কোর লার্নিং স্ট্যান্ডার্ড ইন ম্যাথমেটিক্স-এ পর্যাপ্ত অগ্রগতি অর্জনের প্রমাণ দেওয়া।

3. কমপক্ষে দুই বছর, তবে চার বছরের কম সময়ের জন্য নিবন্ধিত শিক্ষার্থীদের উত্তীর্ণ হওয়া নির্ভর করবে নিচের বিষয়গুলোর উপর:

    a. এনওয়াইএসইএসএলএটি বা ডিওই-এর ইস্যু করা ইএলএল-এর সাময়িক মূল্যায়নে প্রত্যাশিত অগ্রগতি অর্জন করা; কিংবা কমন কোর লার্নিং স্ট্যান্ডার্ড ইন ইংলিশ ল্যাঙ্গুয়েজ আর্টস-এ পর্যাপ্ত অগ্রগতি অর্জনের প্রমাণ দেওয়া;[2] এবং

    b. বহুবিধ মানদণ্ডের সমন্বিত ব্যবহার করা এবং ডিওই নির্দেশিত ন্যূনতম প্রোমোশনের ধাপ-এর সংজ্ঞা অনুযায়ী কমন কোর লার্নিং স্ট্যান্ডার্ড ইন ম্যাথমেটিক্স-এ পর্যাপ্ত অগ্রগতি অর্জনের প্রমাণ দেওয়া।

4. শিক্ষার্থী চার বছর বা অধিক সময়ের জন্য ভর্তি থাকা শিক্ষার্থীদেরকে সেকশন V.A.1-এর নিয়ম অনুযায়ী ইংরেজিতে দক্ষ সাধারণ শিক্ষার শিক্ষার্থীদের মতো একই প্রমোশনের মানদণ্ড অনুযায়ী বিবেচনা করা হবে।

5. ৮ গ্রেডের যেসব ইএলএল জুন মাসে প্রমোশন লাভ করেনা, তাদেরকে সামার স্কুলের জন্য সুপারিশ করা হয়। তাদের প্রোমোশনের সিদ্ধান্ত অগাস্ট মাসে পর্যালোচনা করা হবে এবং চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করবেন প্রিন্সিপ্যাল। অগাস্ট মাসে প্রোমোশনের সিদ্ধান্ত গ্রহণকালে প্রিন্সিপ্যাল শিক্ষার্থীর সামার স্কুলের কাজ এবং পরীক্ষার উপাত্ত, পাওয়া গেলে, বিবেচনা করবেন। যদি কোন পিতামাতা প্রোমোশন সংক্রান্ত সিদ্ধান্তে নারাজি হন, তাহলে অগাস্ট মাসের শেষ দিকে একটি লিখিত আপিলের আবেদন প্রিন্সিপ্যালের কাছে জমা দিতে পারেন। সুপারিন্টেন্ডেন্ট প্রিন্সিপ্যালের সিদ্ধান্ত পুনরীক্ষণ করবেন এবং চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করবেন।

C. <u>আইইপি-তে সংশোধিত প্রমোশনের মানদণ্ডের সুপারিশ করে, স্টেট পরীক্ষায় অংশগ্রহণকারী ৩ গ্রেডের এমন প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের প্রোমোশন</u>

আইপি টিম যখন আইইপি-তে একটি সংশোধিত প্রাতিষ্ঠানিক প্রমোশনের মান নির্ধারণ করে দেয়, তখন সংশোধিত মান প্রয়োগ করা হবে। সংশোধিত প্রমোশনের মানবিশিষ্ট শিক্ষার্থী যাকে জুন মাসে উত্তীর্ণ হতে পারেনা, তাকে সামার স্কুলের সুপারিশ করা হয়। তাদের প্রোমোশনের সিদ্ধান্ত অগাস্ট মাসে পর্যালোচনা করা হবে এবং চূড়ান্ত সিদ্ধান্ত সুপারিশ করবেন প্রিন্সিপ্যাল। যদি পিতামাতা প্রোমোশন সংক্রান্ত সিদ্ধান্তে নারাজি হন, তাহলে অগাস্ট মাসে দিকে একটি লিখিত আপিলের আবেদন প্রিন্সিপ্যালের কাছে জমা দিতে পারেন। সুপারিন্টেন্ডেন্ট প্রিন্সিপ্যালের সিদ্ধান্ত পুনরীক্ষণ করবেন এবং চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করবেন।

D. <u>৮ গ্রেডের ইংরেজিতে দক্ষ সাধারণ শিক্ষার শিক্ষার্থী, আইইপি-তে সংশোধিত প্রমোশনের মানদণ্ডের সুপারিশবিহীন প্রতিবন্ধী শিক্ষার্থী, এবং চার বছর বা অধিককাল নিবন্ধিত ইংরেজি ভাষা শিক্ষার্থীদের প্রমোশনের জন্য জুন মাসের পর্যালোচনা প্রক্রিয়া</u>

1. যেসব শিক্ষার্থী সামার স্কুলে অংশগ্রহণ করে এবং সামার স্কুলের বাধ্যতামূলক মৌলিক কোর্সগুলোতে উত্তীর্ণযোগ্য স্কোর লাভ করে, তারা ৯ গ্রেডে উত্তীর্ণ হবে।

2. যে সকল শিক্ষার্থী সামার স্কুলে অংশগ্রহণ করেছে, অগাস্ট মাসে প্রিন্সিপ্যাল তাদের সামার স্কুলের কাজসহ ইতোমধ্যে তাদের ক্লাসরুম শিক্ষকের জমা দেওয়া তাদের প্রমোশন পোর্টফোলিও পর্যালোচনা করবেন।[3] যদি প্রিন্সিপ্যালের বিবেচনায় শিক্ষকদের প্রোমোশন পোর্টফোলিও ম্যানুয়েলের সংজ্ঞায় শিক্ষার্থী প্রোমোশনের ন্যূনতম ধাপ অতিক্রম করে থাকে, তাহলে শিক্ষার্থীকে উত্তীর্ণ করা হবে।

    * চলমান বা অতীতের দুইটি গ্রেড স্তরে অনুত্তীর্ণ হয়েছে, এমন শিক্ষার্থীর ক্ষেত্রে, কিংবা যে বছর তারা অষ্টম গ্রেডে পড়বে, সে বছরের ৩১ ডিসেম্বরে যাদের বয়সা ২ বছর বেশি হয়, সেসব শিক্ষার্থীর ক্ষেত্রে শিক্ষার্থীর অগ্রগতি মূল্যায়ন করতে প্রিন্সিপ্যাল একাধিক বিষয়ে

---

[2] জুন বা অগাস্ট মাসে যদি সাফল্যের উপাত্ত পাওয়া না যায়, তাহলে একটি প্রমোশন পোর্টফোলিও ব্যবস্থা প্রয়োগ যেতে পারে। যদি জুন মাসে কোন পোর্টফোলিও প্রস্তুত করা হয়, তাহলে পোর্টফোলিওর ফল জুন মাসের উত্তীর্ণ হওয়ার সিদ্ধান্তকে নিশ্চিত করবে।

[3] অগাস্ট মাসে ইংরেজি ভাষা শিক্ষার্থীদের প্রোমোশনের সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে প্রিন্সিপ্যাল তাদের নিউ ইয়র্ক স্টেট ইংলিশ অ্যাজ এ সেকেন্ড ল্যাঙ্গুয়েজ অ্যাচিভমেন্ট টেস্ট (এনওয়াইএসইএসএলএটি)-এর মূল্যায়নের উপাত্ত বিবেচনা করতে পারেন।

বিবেচনা করতে পারেন (যেমন প্রমিত পরীক্ষার স্কোর, ক্লাসরুমের মূল্যায়ন, সমাপ্ত করা ক্লাসের কাজ, এবং শিক্ষকের পর্যবেক্ষণ)। যেসব শিক্ষার্থী উপরোল্লিখিত পরীক্ষাগুলোতে উন্নতির প্রমাণ দেখাতে পারবে, প্রিন্সিপ্যাল তাদেরকে প্রমোশনের জন্য সুপারিশ করতে পারবেন।

E. <u>৮ গ্রেড থেকে অনূত্তীর্ণ শিক্ষার্থী</u>

যেসব শিক্ষার্থী ৮ গ্রেড থেকে প্রমোশন লাভের শর্ত পূরণ করতে পারে না, তাদেরকে প্রয়োজনীয় বাড়তি সময় ও সহায়তা দেওয়া হবে যাতে তারা ৮ গ্রেডের উত্তীর্ণ হওয়ার শর্ত পূরণ করতে পারে। স্কুলের দায়িত্ব হলো যেসব শিক্ষার্থী ৮ গ্রেডে অনূত্তীর্ণ থাকে, তাদেরকে একটি সুবিন্যস্ত নিবিড় হস্তক্ষেপমূলক ব্যবস্থা তৈরি করে দেবে যা তাদেরকে প্রমোশনের মান অর্জনের পথে এগিয়ে নিয়ে যাবে।

VI. **<u>ইংরেজিতে দক্ষ সাধারণ শিক্ষার শিক্ষার্থী, স্টেটের পরীক্ষাসমূহে অংশগ্রহণকারী প্রতিবন্ধী শিক্ষার্থী, এবং ৯-১২ গ্রেডের ইংরেজি ভাষা শিক্ষার্থীদের প্রমোশনের মানদণ্ড</u>**

৯০ থেকে ১২ গ্রেডে শিক্ষার্থীদেরকে পরবর্তী গ্রেডে উত্তীর্ণ হওয়ার জন্য অবশ্যই প্রয়োজনীয় সংখ্যক ক্রেডিট সংগ্রহ করতে হবে।

A. <u>ইংরেজিতে দক্ষ সাধারণ শিক্ষার শিক্ষার্থী, স্টেটের পরীক্ষাসমূহে অংশগ্রহণকারী প্রতিবন্ধী শিক্ষার্থী, এবং ইংরেজি ভাষা শিক্ষার্থীদের ৯ গ্রেড থেকে উত্তীর্ণ হওয়া</u>

৯ গ্রেড থেকে উত্তীর্ণ হওয়া নির্ভর করবে শিক্ষার্থীর নিচের বিষয়গুলোতে সমন্বিত পরীক্ষার উপর:

1. পাঠ্য বিষয়গুলোতে সাফল্যের সাথে মান অর্জন করা; এবং
2. কমপক্ষে আট (৮) ক্রেডিট সংগ্রহ করা।

B. <u>ইংরেজিতে দক্ষ সাধারণ শিক্ষার শিক্ষার্থী, স্টেটের পরীক্ষাসমূহে অংশগ্রহণকারী প্রতিবন্ধী শিক্ষার্থী, এবং ইংরেজি ভাষা শিক্ষার্থীদের ১০ গ্রেড থেকে উত্তীর্ণ হওয়া</u>

১০ গ্রেড থেকে উত্তীর্ণ হওয়া নির্ভর করবে শিক্ষার্থীর নিচের বিষয়গুলোতে সমন্বিত পরীক্ষার উপর:

1. পাঠ্য বিষয়গুলোতে সাফল্যের সাথে মান অর্জন করা; এবং
2. ইংরেজি/ইএসএল চার (৪) এবং সমাজপাঠে চার (৪) ক্রেডিটসহ মোট ২০ ক্রেডিট সংগ্রহ করা।

C. <u>ইংরেজিতে দক্ষ সাধারণ শিক্ষার শিক্ষার্থী, স্টেটের পরীক্ষাসমূহে অংশগ্রহণকারী প্রতিবন্ধী শিক্ষার্থী, এবং ইংরেজি ভাষা শিক্ষার্থীদের 11 গ্রেড থেকে উত্তীর্ণ হওয়া</u>

11 গ্রেড থেকে উত্তীর্ণ হওয়া নির্ভর করবে শিক্ষার্থীর নিচের বিষয়গুলোতে সমন্বিত পরীক্ষার উপর:

1. পাঠ্য বিষয়গুলোতে সাফল্যের সাথে মান অর্জন করা; এবং
2. ৩০ ক্রেডিট স!গ্রহ করা।

D. <u>হাই স্কুল গ্র্যাজুয়েশন</u>

১২ গ্রেডে শিক্ষার্থীদের অবশ্যই নির্ধারিত পাঠ্য বিষয়ে প্রয়োজনীয় সংখ্যক ক্রেডিট সংগ্রহ করতে হবে এবং নিউ ইয়র্ক স্টেটের গ্র্যাজুয়েশনের শর্ত পূরণের জন্য পাঠ্য বিষয়ে প্রয়োজনীয় সংখ্যক স্টেট পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। এই শর্তঘুলো নিউ ইয়র্ক স্টেট কমিশনারের প্রবিধান § 100.5 (৪ NYCRR 100.5)-এ উল্লিখিত আছে।

E. <u>হাই স্কুল গ্র্যাজুয়েশনের শর্ত পূরণে ব্যর্থতা</u>

যেসব শিক্ষার্থী হাই স্কুল গ্র্যাজুয়েশনের শর্ত পূরণে ব্যর্থ হবে, তারা তাদের ২১তম জন্মদিন হবে যে বছর, সে বছরের শেষ দিন পর্যন্ত দিনে, সন্ধ্যায় এবং সামার স্কুলে অব্যাহত সহায়তা এবং শিক্ষানির্দেশনা পেতে পারে। স্কুল বছর শুরু হয় ১ জুলাই এবং শেষ হয় ৩০ জুন।

## VII. ৩ থেকে ১২ গ্রেড পর্যন্ত প্রমোশনের সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়া

প্রমোশনের সিদ্ধান্ত গ্রহণ করা হবে সংশ্লিষ্ট কর্মচারিদের মতামত গ্রহণ ও পিতামাতাদের সাথে আলোচনাক্রমে। স্কুল পর্যায়ে সকল সিদ্ধান্তের জন্য প্রিন্সিপ্যাল দায়বদ্ধ থাকবেন। ৩-৮ গ্রেডের শিক্ষার্থীদের পিতামাতাদের অধিকার থাকবে প্রিন্সিপ্যালের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করার যা ব্যাখ্যাত হয়েছে এই প্রবিধানের VIII নং সেকশনে।

যখন কোন শিক্ষার্থীর উত্তীর্ণ হওয়ার বিষয়টি সংশয়িত বলে চিহ্নিত হবে, তখন পিতামাতাকে বিজ্ঞপ্তি প্রদান, হস্তক্ষেপমূলক ব্যবস্থা গ্রহণ ও লক্ষ্য নির্ধারণের প্রক্রিয়াসমূহের সময়সীমা নিচে ব্যাখ্যা করা আছে।

### A. পিতামাতার অংশীদারত্ব এবং একই শ্রেণিতে রেখে দেয়ার বিজ্ঞপ্তি

শিক্ষার্থী যদি মান অর্জনের ঝুঁকির মুখোমুখী হয়, তাহলে স্কুল বছরের শুরুর দিকে, কিন্তু হেমন্তের রিপোর্ট কার্ড বিতরণের পরবর্তী প্যারেন্ট-টিচার কনফারেন্স হওয়ার আগেই পিতামাতাদেরকে সে ব্যাপারে অবহিত করা হবে। এভাবে আগে-ভাগে জানিয়ে দেওয়ার ফলে শিক্ষার্থীর কাজ পর্যালোচনা, কৌশল ও হস্তক্ষেপমূলক ব্যবস্থা নিয়ে আলোচনা, ধাপসমূহ প্রতিষ্ঠা করা এবং শিক্ষার্থীর অগ্রগতির ব্যাপারে দায়দায়িত্ব ব্যাখ্যা করা। এতদসত্ত্বেও শিক্ষার্থীর কাজ/প্রাপ্ত নম্বরে প্রমাণিত হয় যে তার মান অর্জন না করার ঝুঁকি রয়ে গেছে, তাহলে পিতামাতাদের কাছে এ বিষয়ে ১৫ ফেব্রুয়ারির মধ্যে একটি লিখিত বিজ্ঞপ্তি দেওয়া হবে।[4] পিতামাতাদের অব্যাহত যোগাযোগ ও সংশ্লিষ্টতা, যেমন ফোন কল, রিপোর্ট কার্ড, প্যারেন্ট-টিচার কনফারেন্স, শিক্ষার্থীর কাজের মূল্যায়ন, এবং শিক্ষানির্দেশনায় হস্তক্ষেপ-এর রেকর্ড সংরক্ষণ করা হবে। তবে পিতামাতাদের কাছে বিজ্ঞপ্তি দিতে না পারা শিক্ষার্থীর প্রমোশনের ভিত্তি হতে পারবে না।

হেমন্তকালীন পিতামাতা ও শিক্ষক-শিক্ষিকা সম্মেলন স্কুল বর্ষের শেষে শিক্ষার্থীর উত্তীর্ণ হওয়ার সম্ভাবনা নিয়ে বাড়তি আলোচনার সুযোগ সৃষ্টি করে।

### B. গ্রীষ্মকালীন শিক্ষানির্দেশনা

চলমান গ্রেড থেকে জুন মাসে উত্তীর্ণ না হওয়ার ঝুঁকিতে থাকা শিক্ষার্থীদের জন্য সামার প্রোগ্রাম তাদের প্রমোশনের ধাপ অতিক্রমের বাড়তি সুযোগ সৃষ্টি করতে পারে।

৯ থেকে ১২ গ্রেড পর্যন্ত, শিক্ষার্থীরা উত্তীর্ণ হওয়ার জন্য প্রয়োজনীয় সংখ্যক ক্রেডিট অর্জনে সান্ধ্য স্কুল এবং/অথবা গ্রীষ্মকালীন স্কুলে পাঠ গ্রহণের সুযোগ নিতে পারে।

সন্তানকে জুন মাসে অনুত্তীর্ণ রাখার এবং প্রযোজ্য ক্ষেত্রে সামার স্কুলে শিক্ষানির্দেশনার সুপারিশের সিদ্ধান্ত পিতামাতাদেরকে নিয়মিত ডাকযোগে লিখিতভাবে জানাতে হবে। তবে পিতামাতাদের কাছে বিজ্ঞপ্তি দিতে না পারা শিক্ষার্থীর প্রমোশনের ভিত্তি হতে পারবে না।

গ্রীষ্মে শিক্ষার্থীর অভীষ্ট লক্ষ্য সম্পর্কে সুস্পষ্ট প্রত্যাশা, যা ডিওই-এর ইস্যু করা নির্দেশনায় সংজ্ঞায়িত প্রমিত মান ও উত্তীর্ণ হওয়ার ধাপ-এর সাথে সামঞ্জস্যপূর্ণ, তা পিতামাতা ও শিক্ষার্থীদের সাথে আলোচনা করা হবে।

উত্তীর্ণ বা অনুত্তীর্ণ, তা নির্ধারণের জন্য শিক্ষার্থীর প্রোমোশনের ধাপ অতিক্রমের পথে অগ্রগতি পর্যালোচনা করা হবে অগাস্ট মাসে। (উপরে §§ IV.D, V.D, দেখুন)।

### C. একই শ্রেণিতে রয়ে-যাওয়া শিক্ষার্থীদের জন্য কৌশলগত পরিকল্পনা

যে সকল শিক্ষার্থী উত্তীর্ণ হয়নি, তাদের জন্য সেপ্টেম্বর মাসে একটি বাধ্যতামূলক নির্দেশনা সংক্রান্ত কৌশলগত পরিকল্পনা প্রণয়ন করা হবে। অক্টোবর মাসে, প্রিন্সিপ্যাল অথবা দায়িত্বপ্রাপ্ত সুপারভাইজার স্কুলের প্রথম মাসে শিক্ষার্থীর কাজ এবং অগ্রগতির মূল্যায়নের জন্যঅকৃতকার্য শিক্ষার্থীদের শিক্ষকদের সাথে মিলিত হবেন। এরপর নিয়মিতভাবে সাময়িকভিত্তিতে পর্যালোচনা অব্যাহত থাকবে।

---

[4] আইইপি আছে, এমন শিক্ষার্থীদের পিতামাতার কাছে দেওয়া এ ধরনের বিজ্ঞপ্তিতে যে কোন সময় সন্তানের প্রোগ্রাম পূনর্বিবেচনার অনুরোধ জানানর যে অধিকার পিতামাতাদের আছে, সেটার উল্লেখ থাকতে হ বে।

## VIII. একই শ্রেণিতে রেখে দেয়ার সিদ্ধান্তের বিরুদ্ধে পিতামাতার আপিল

সন্তানকে অনুত্তীর্ণ রাখার সিদ্ধান্ত পিতামাতাদেরকে নিয়মিত ডাকযোগে লিখিতভাবে জানাতে হবে। যেসব ৩ থেকে ৮ গ্রেডের শিক্ষার্থীর পিতামাতাদেরকে প্রিন্সিপ্যালের কাছে লিখিত আপিল করতে হবে এবং সুপারিনটেনডেন্ট এ ব্যাপারে অগাস্ট মাসে সিদ্ধান্ত গ্রহণ করবেন।

## IX. প্রমোশননীতি বাস্তবায়নের দায়-দায়িত্ব

A. চ্যান্সেলর

চ্যান্সেলর যা করবেন:

1. পুরো ব্যবস্থা জুড়ে পাঠ্য বিষয়গুলোতে স্পষ্টভাবে কার্যসম্পাদনার মান-এর সংজ্ঞায়িত করা;
2. মান অর্জনে শিক্ষার্থীদের অগ্রগতি পরিমাপের জন্য পুরো ব্যবস্থা জুড়ে প্রচলিত পরীক্ষা-পদ্ধতির প্রতি নজরদারি করা;
3. আর্থিক, কম্যুনিটি, ব্যবসা এবং ইউনিভার্সিটির উপকরণ নিয়ন্ত্রণ করা এবং নিশ্চিত করা যে ডিস্ট্রিক্ট ও স্কুলসমূহে সহায়তায় উপকরণের বরাদ্দ দেওয়া হয়েছে;
   - ৩ গ্রেডের শেষ পর্যায়ে সকল শিক্ষার্থীদের মানসম্পন্ন পঠন ও লিখন আয়ত্ত করার উপর অভিনিবিষ্ট ভারসাম্যপূর্ণ সাক্ষরতা শিক্ষানির্দেশনা;
   - সকল শিক্ষার্থী যাতে মান অর্জন করতে সক্ষম হয়, সেজন্য দিনে দীর্কালব্যাপী শিক্ষা, যেমন স্কুলের আগে, স্কুলের পরে এবং উইক-এন্ড-এ শিক্ষার কর্মসূচি;
   - বছরে বাড়তি সময় শিক্ষার সুযোগ দেওয়া, যেমন সামার স্কুল, যা মান অর্জনের ঝুঁকির মুখোমুখী শিক্ষার্থীদের বাড়তি সহায়তা ও সুযোগ দেবে; এবং
4. এই নীতি সকল ডিস্ট্রিক্ট ও সকল স্কুলে বাস্তবায়নকে তত্ত্বাবধান ও মূল্যায়ন করা।

B. ডিস্ট্রিক্ট ও স্কুলসমূহ

1. শিক্ষার্থীর প্রোমোশনের মান অর্জন এবং কলেজ ও কর্মজগতের জন্য প্রস্তুত হওয়াতে সহযোগিতার জন্য ডিস্ট্রিক্ট কমপ্রিহেনসিভ এডুকেশন প্ল্যান (ডিসিইপি) উদ্দেশ্যমূলকভাবে অগ্রগতি অর্জনের জন্য প্রস্তুত করা কৌশলসমূহ বাস্তবায়নের জন্য কাজ করবে। ডিসিইপিসমূহ পিতামাতাদের প্রতি বিজ্ঞপ্তি প্রদান ও সম্মেলনের প্রক্রিয়া উদ্ভাবন, শিক্ষানির্দেশনাগত অবগতির জন্য শিক্ষার্থীদের মূল্যায়ন ও কৃতিত্বের তথ্য বিশ্লেষণ এবং যে সকল শিক্ষার্থীর উত্তীর্ণ হওয়ার মানে পৌঁছতে অতিরিক্ত সহায়তা প্রয়োজন তাদের জন্য শিক্ষানির্দেশনা সংক্রান্ত কৌশলগত ও হস্তক্ষেপমূলক কর্মসূচি প্রণয়নে স্কুলগুলিকে সাহায্য করতে এই প্রবিধানের সাথে সঙ্গতিপূর্ণ পথনির্দেশনা ও সময়সীমা যোগাবে। সকল স্কুল নেতৃত্ব ও কর্মীদের জন্য এইসব ক্ষেত্রে উদ্দিষ্ট পেশাগত উন্নতির ব্যবস্থা অবশ্যই করতে হবে।

   সুপারিনটেনডেন্ট তার ডিস্ট্রিক্ট-এর স্কুলগুলোতে প্রমোশনের মানদণ্ড বাস্তবায়নের প্রতি নজরদারি করবেনে এবং সরাসরি প্রিন্সিপ্যালকে পরিচালনা করবেন যাতে নিশ্চিত করা যায় যে তাদের স্কুল সকল শিক্ষার্থীকে কার্যকর শিক্ষা দিচ্ছে।

2. ডিওই সকল শিক্ষার্থীদের কার্যকর শিক্ষানির্দেশনা প্রদানে সহায়তা প্রদানের জন্য স্কুল নেতৃত্ব ও কর্মচারীদের অব্যাহত পেশাদারিত্ব উন্নয়নের সুযোগ এবং কে-১২ গ্রেডের শিক্ষার্থীদের প্রোমোশন নীতি বাস্তবায়নে স্কুলগুলোকে প্রশিক্ষণ দিয়ে সহায়তা প্রদান করবে।
3. প্রিন্সিপ্যালগণ স্কুল লিডারশিপ টিম (এসএলটি)-এর সাথে সহযোগিতাক্রমে কমপ্রিহেনসিভ এডুকেশন প্ল্যান (সিইপি) তৈরি করবেন যা অব্যাহত স্কুলউন্নয়ন পরিকল্পনার আলোকে গঠন করা হয় এবং সকল শিক্ষার্থীদেরকে তা প্রোমোশনের মান অর্জন বা অতিক্রম করতে সক্ষমতা দেয়। যেসব শিক্ষার্থীর সাফল্য প্রমোশনের মান-এর চাইতে কম, সেসব শিক্ষার্থীদের জন্য সিইপি কর্মকাণ্ড এবং শিক্ষানির্দেশনা কৌশল ঠিক করবে এবং পরিকল্পনা ঠিক করবে যাতে নিশ্চিত করা যায় যে

পিতামাতার্ও তাদের সন্তানের শিক্ষা-প্রক্রিয়ার সমন্বিত অংশ। এসএলটিগুলো এসব কর্মকাণ্ড ও কৌশলগুলোর কার্যকারিতা যাচাইয়ের জন্য একটি বার্ষিক মূল্যায়ন পরিচালনা করবে। স্কুল কর্মীদের জন্য এইসব ক্ষেত্রে উদ্দিষ্ট পেশাগত উন্নতির ব্যবস্থা অবশ্যই করতে হবে।

প্রিন্সিপ্যালগণ সকল শিক্ষার্থীর জন্য কার্যকর শিক্ষানির্দেশনা ব্যবস্থার নিশ্চয়তাবিধানে তাদের স্কুলসমূহে উত্তীর্ণ হওয়ার প্রমিতমান বাস্তবায়নের বিষয়টি নিরীক্ষণ করবেন এবং শিক্ষক-শিক্ষিকাদের প্রত্যক্ষ তত্ত্বাবধান করবেন।

4. শিক্ষকগণ সকল শিক্ষার্থীকে কমন কোর লারনিং স্ট্যান্ডার্ড-এর সাথে সামঞ্জস্যপূর্ণ শিক্ষানির্দেশনা প্রদান করবেন। যথোপযুক্ত স্কুল কর্মী সহযোগে এবং প্রিন্সিপ্যালের নেতৃত্বে, শিক্ষক-শিক্ষিকাগণ যে সকল শিক্ষার্থীর উত্তীর্ণযোগ্য প্রমিতমানে না পৌঁছনোর আশঙ্কা রয়েছে, তাদেরকে প্রাতিষ্ঠানিক হস্তক্ষেপ পরিসেবা (এআইএস)-সহ নির্দেশনাগত ও সহায়তামূলক হস্তক্ষেপ লাভ করার বিষয়টি নিশ্চিত করবেন।

   শিক্ষকগণ শিক্ষার্থীর কাজের অব্যাহত মূল্যায়ন ব্যবহার করবেন যাতে শ্রেণিকক্ষ শিক্ষানির্দেশনা উন্নত করা যায়, এবং সন্তানদের প্রাতিষ্ঠানিক শিক্ষার অগ্রগতির বিষয়ে পিতামাতাদের অবহিত করা যায়। শিক্ষার্থীর যে সকল কাজ তার প্রমিতমান অর্জনের পথে অগ্রগতির পরিচয়বহ, শিক্ষকগণ সেগুলি সংরক্ষণ করবেন।

C. <u>পিতামাতা</u>

1. পিতামাতাদের অবশ্যই সন্তানদের শিক্ষা বিষয়ে সক্রিয় অংশীদার হতে হবে। শিক্ষার্থীদের কী জানা প্রয়োজন এবং প্রমিতমান অর্জনে কোন্ পর্যায়ের সাফল্য প্রদর্শন আবশ্যক, স্কুল সুস্পষ্টভাবে তা পিতামাতাদের অবহিত করবে। শিক্ষার্থীদের যে আদর্শ উপস্থিতির হার বজায় রাখা উচিৎ বলে প্রত্যাশিত, স্কুল সে বিষয়টিও অবহিত করবে। সন্তানদের কাজ ও অগ্রগতি বিষয়ে আলোচনা এবং শিক্ষাক্ষেত্রে তাদের সাফল্যে ইতিবাচক ভূমিকা পালনের লক্ষ্যে পিতামাতা ও পারিবারিক শিক্ষা কর্মসূচিতে অংশগ্রহণের জন্য পিতামাতাদের আমন্ত্রণ জানানো হবে।
2. একটি অব্যাহত যোগাযোগ ব্যবস্থা ব্যবহার করা হবে যার মাধ্যমে পিতামাতাগণ সুনির্দিষ্ট হস্তক্ষেপমূলক এবং/অথবা বিকল্প শিক্ষানির্দেশনার প্রয়োজন আছে কি-না এবং যদি থাকে তাহলে কখন তা প্রয়োজন সে বিষয়ে অবহিত হবেন।
3. পিতামাতার সঙ্গে যোগাযোগ, যথাসম্ভব, তাদের বাড়িতে ব্যবহৃত ভাষায় করতে হবে। প্রমিতমান, প্রত্যাশা এবং (প্রয়োজনে) বাড়তি সহায়তার সুযোগ-সুবিধাসমূহ একবার সুস্পষ্টরূপে অবহিত করার পর এটা আশা করা হবে যে, পিতামাতাগণ শিক্ষার্থীদের যথার্থ উপস্থিতি এবং তাদের বাড়ির কাজ সুসম্পন্ন করার বিষয়টির প্রতি মনোযোগী হবেন। সন্তানের অগ্রগতি সম্পর্কে স্কুল ও শিক্ষক-শিক্ষিকাদের সাথে অব্যাহত যোগাযোগ রক্ষায় সহায়তা করার দায়িত্বটিও পিতামাতাদের উপরেই বর্তাবে।

D. <u>শিক্ষার্থী</u>

1. শিক্ষার্থীরা তাদের নির্দিষ্ট শিক্ষার লক্ষ্য অর্জনের জন্য কাজ করে যাবে এবং প্রয়োজনে, এবং তাদের শিক্ষকদের প্রদত্ত পরামর্শের ভিত্তিতে ও নিজেদের প্রচেষ্টা ও লভ্য সহায়সম্পদ ব্যবহারের মাধ্যমে তাদের কাজকে প্রমিত পর্যায়ে উন্নীত করবে।
2. শিক্ষার্থীদের নিকট প্রত্যাশা করা হবে যে প্রাতিষ্ঠানিকভাবে শ্রমসাধ্য ও প্রতিযোগিতামূলক বিষয়বস্তু মোকাবেলায় এবং প্রমিতমান অর্জনে শ্রেণির কাজ, বাড়ির কাজ ও সকল শিক্ষামূলক কর্মকান্ডে নিয়োজিত থাকবে।

## X. <u>শিক্ষার্থী সহায়তা পরিষেবা</u>

শিক্ষার্থী যখন প্রমোশনের মান অর্জনের জন্য কাজ করে, তখন প্রাতিষ্ঠানিক হস্তক্ষেপ পরিসেবা (এআইএস)-সহ সামগ্রিক ও সমন্বিত শিক্ষার্থী সহায়তা পরিসেবার ভূমিকা খুবই গুরুত্বপূর্ণ। প্রাতিষ্ঠানিক ও ব্যক্তিগত

কাউন্সেলিং, নেতৃত্বের সুযোগ ও পাঠক্রম বহির্ভূত কর্মকাণ্ড, স্বাস্থ্য ও মানসিক সুস্থতা পরিসেবা, টিউটরিং সার্ভিস, পরিবারের সাথে যোগাযোগ ও কমিউনিটির সাথে সম্পর্ক, ইত্যাদি সব কিছু একটি সফল শিক্ষণ অভিজ্ঞতা অর্জনে ভূমিকা রাখে। সকল সুপারিন্টেন্ডেন্ট ও প্রিন্সিপ্যালগণ নিশ্চিত করবেন যাতে স্কুলগুলো উক্ত পরিসেবা প্রদান করতে উপযুক্ত উপকরণ ব্যবহার করে।

দৈনন্দিন উপস্থিতি সকল শিক্ষণ অভিজ্ঞতায় পরিপূর্ণ অংশগ্রহণ এবং কর্ম নৈতিকতা স্থাপনের জন্য গুরুত্বপূর্ণ যা উচ্চতর শিক্ষা ও ভবিষ্যৎ কর্মনিয়োগে শিক্ষার্থীদের উপকারসাধন করবে। প্রত্যাশা করা হয় যে, যেসব শিক্ষার্থী লাগাতারভাবে এবং/অথবা কোন প্রকারে নিয়মিত অনুপস্থিত থাকে, স্কুল তাদেরকে সনাক্ত করবে যাতে শিক্ষার্থী ও তাদের পরিবারসমূহকে কার্যকর ও আগেভাগে হস্তক্ষেপমূলক সহায়তা প্রদান করা যায়। শিক্ষার্থী সহায়তা পরিষেবা কর্মীদের দায়িত্ব দেওয়া হয় যাতে তারা অনুপস্থিতির ব্যাপারে অব্যাহত নজর রাখেন এবং লাগাতার অনুপস্থিতি দূর করতে সুনির্দিষ্ট সহায়তার উপায় নির্ণয় করতে পারেন, তবে কোন স্কুলে সামঞ্জস্যপূর্ণ উপস্থিতি বজায় রাখার উচ্চ প্রত্যাশিত পরিবেশ নিশ্চিত করায় স্কুলের সকল কর্মচারি ভূমিকা রাখেন।

## XI. তদন্ত

এই প্রবিধান সম্পর্কে সকল অনুসন্ধান নিচের ঠিকানায় প্রেরণ করতে হবে:

| ফোন: | *Office of the Senior Deputy Chancellor for Teaching and Learning* | Fax: |
| --- | --- | --- |
| 212-374-5981 | N.Y.C. Department of Education<br>52 Chambers Street – Room 320<br>New York, NY 10007 | 212-374-5588 |